

২০২০

বাংলা

(প্রোগ্রাম)

জেনেরিক ইলেকটিভ

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BENG-G-GE-T-1

(বাংলা রঙ্গমঞ্চ ও নাটক)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রঙ্গমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

(A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।)

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

ক) কমেডির সংজ্ঞা লেখো।

খ) একাঙ্ক নাটকের সংজ্ঞা লেখো।

গ) সামাজিক নাটকের দুটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

ঘ) বাংলা সাহিত্যের চারটি পৌরাণিক নাটকের নাম লেখো।

ঙ) 'বেলগাছিয়া নাট্যশালা'য় অভিনীত চারটি নাটকের নাম করো।

চ) ন্যাশনাল থিয়েটারের সাথে যুক্ত চারজন নাট্য ব্যক্তিত্বের নাম করো।

ছ) 'সধবার একাদশী' নাটকটি কী ধরনের নাটক? রচয়িতার নাম

[পরপৃষ্ঠায়]

করো। বাংলা সাহিত্যে এরকম আরো দুটি নাটকের নাম করো।

জ) 'অচলায়তন' নাটকের চারটি চরিত্রের নাম করো।

ঝ) 'বেঙ্গলী থিয়েটার'এর প্রতিষ্ঠাতা কে? কত সালে এটি প্রতিষ্ঠিত?

ঞ) 'অচলায়তন' নাটক-এর প্রথম গান কোন্টি? কোন্ চরিত্রের সঙ্গে সংযুক্ত?

ট) ট্রাজিডিধর্মী দুটি নাটক রচয়িতার নাম সহ উল্লেখ করো।

ঠ) আশুতোষ দেব (মতু বাবু)-এর থিয়েটার কাদের দ্বারা প্রতিষ্ঠিত?

ড) 'অচলায়তন' নাটকের দৃশ্যসংখ্যা কটি? এটি কী ধরনের নাটক?

ঢ) জোড়াসাঁকো নাট্যশালায় অভিনীত দুটি নাটকের নাম করো।

ণ) ন্যাশনাল থিয়েটার-এ অভিনীত প্রথম নাটক কোন্টি? নাট্যকার-এর নাম লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $8 \times 5 = 20$

ক) টীকা লেখ — ঐতিহাসিক নাটক।

খ) 'অচলায়তন' নাটকে পঞ্চক চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

গ) ট্রাজেডির বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

ঘ) "যাসনে, ও কাঞ্চন যাসনে। আমার মাতা খাস, মা" — কোন্ নাটকে, কার উক্তি? বক্তা কে? তিনি একথা কেন বলেছেন?

ঙ) বাংলা সাহিত্যের একটি পৌরাণিক নাটকের সংক্ষিপ্ত আলোচনা করো।

চ) 'সধবার একাদশী' নাটকের কাঞ্চন চরিত্রটির সংক্ষিপ্ত আলোচনা করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

ক) 'সধবার একাদশী' নাটকে নিমচাঁদ চরিত্রটি আলোচনা করো।

খ) 'অচলায়তন' নাটকের নামকরণ বিষয়ে আলোচনা করো।

গ) নবীন বসুর থিয়েটার সম্পর্কে আলোচনা করো।

ঘ) প্রহসনের সংজ্ঞা ও বৈশিষ্ট্য নিয়ে আলোচনা করো।
